# জীবন বৃত্তান্ত



জনাব মো: তফিকুল ইসলাম ২৫ ডিসেম্বর ১৯৭০ তারিখ কুমিল্লা জেলার বরুড়া উপজেলায় সম্ভ্রান্ত মুসলিম পরিবারে জন্ম গ্রহণ করেন। তাঁর পিতার নাম জনাব মো: আবদুল করিম ও মাতার নাম বেগম মেহেরজান বেগম। তিনি ঝলম উচ্চ বিদ্যালয় হতে এস.এস.সি (বিজ্ঞান বিভাগ), বরুড়া শহীদ স্মৃতি সরকারি কলেজ হতে এইচ.এস.সি (বিজ্ঞান বিভাগ) এবং জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীন কচুয়া বঙ্গাবন্ধু ডিগ্রী কলেজ থেকে বি.এস.এস ডিগ্রী অর্জন করেন।

তিনি ২৭ এপ্রিল ১৯৯৫ তারিখে বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ে ব্যক্তিগত কর্মকর্তা (২য় শ্রেণি) হিসেবে চাকুরী জীবন শুরু করে। চাকুরী জীবনে তিনি দীর্ঘ সময় সচিবের ব্যক্তিগত কর্মকর্তা হিসেবে দায়িত্ব পালন করেন।

তিনি সরকারি দায়িত্ব পালনের অংশ হিসেবে NIIT, India হতে “Mastering Office Product” 2000 বিষয়ে প্রশিক্ষণ গ্রহণ করেন।

তিনি ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের আওতাধীন ইসলামিক ফাউন্ডেশন কর্তৃক বাস্তবায়নাধীন “প্রতিটি জেলা ও উপজেলায় একটি করে ৫৬০টি মডেল মসজিদ ও ইসলামিক সাংস্কৃতিক কেন্দ্র স্থাপন (১ম সংশোধিত)” শীর্ষক প্রকল্পে সহকারী প্রকল্প পরিচালক হিসেবে দায়িত্ব পালন করেছেন। নভেম্বর ২০১৯ সাল হতে তিনি ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ে কর্মরত রয়েছেন।